

শিক্ষা - ক্রিয়াকলাপ

তারিখ	.....
পৃষ্ঠা	৩
কলাম	৪

SEP. 08 2002

## আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে বিভিন্ন কর্মসূচী

স্টাফ রিপোর্টার : আজ আন্তর্জাতিক সাক্ষরতা দিবস। সারাদেশে দিনটি পালনে নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এ উপলক্ষে সরকারের প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ ছাড়াও বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক শিক্ষা-ও ধর্মীয় প্রতিষ্ঠান আলোচনা সভা, সেমিনার, র্যালি, শিল্পমেলা প্রভৃতি কর্মসূচীর আয়োজন করেছে। সাক্ষরতা দিবস উদযাপনে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের ৪ দিনব্যাপী অনুষ্ঠানমালার সমাপনী অনুষ্ঠান আজ সকাল ১১টায় ঢাকার ওসমানী মিলনায়তনে অনুষ্ঠিত হবে। সাক্ষরতা দিবস উপলক্ষে প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী ও জাতীয় সংসদের বিরোধী দলীয় নেত্রী পৃথক পৃথক বাণীও দিয়েছেন। লায়স ক্লাব অব ঢাকা সেন্ট্রাল সাক্ষরতা দিবস উপলক্ষে আজ বিকেল ৩টায় আগারগাঁও লায়স ফাউন্ডেশন মিলনায়তনে "বাংলাদেশে প্রাথমিক শিক্ষার কারিকুলাম-উন্নয়নের প্রয়োজনীয়তা" শীর্ষক এক সেমিনারের আয়োজন করেছে। জাতীয় সংসদের ডেপুটি স্পীকার আখতার হামিদ সিদ্দিকী এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।